# উচ্ছেদ নিষিদ্ধকরণ

**নির্দেশিত সকল তথ্য পাওয়া যাবে এই ঠিকানায় NYC.gov/tenantprotection. আরও তথ্যের জন্য MOPT’s COVID-19 Fact Page দেখুন বা সর্বশেষ আপডেটসমূহ জানতে 311 এ কল করুন এবং "ভাড়াটিয়া হেল্পলাইন" এ দিতে বলুন।**

## ঘটনাসমূহ

- **আপনি যদি কোনো বাড়িতে কমপক্ষে 30+ দিন ধরে থাকেন বা ইজারা নিয়ে থাকেন তাহলে কোনো বাড়িওয়ালা আপনাকে হাউজিং কোর্টের আগাম অনুমতি ছাড়াই আপনাকে সেখান থেকে সরিয়ে দিতে পারবে না।** এটি সময় সাপেক্ষ এবং এই প্রক্রিয়াটিতে আপনার কিছু অধিকার রয়েছে।[1]
- **যদি আপনি কোনো ইজারা নিয়ে ভাড়াটে হন বা আপনি কমপক্ষে 30 দিন ধরে আপনার বাড়িতে বসবাসরত থাকেন, তাহলে কোনো বিচারক আদেশ জারি করে বাড়িওয়ালাকে অনুমতি দিলেই কেবল আপনাকে উচ্ছেদ করা যাবে।** যদি কোনো বাড়িওয়ালা, সুপার বা অন্য কোনো ব্যক্তি যারা বাড়িওয়ালার জন্য কাজ করে এমন কেউ আপনাকে আপনার অ্যাপার্টমেন্টে তালাবদ্ধ করে রাখে, তাহলে 911 বা আপনার স্থানীয় থানায় কল করুন।
- পুলিশ যদি সহায়তা করতে অক্ষম হয় তাহলে আপনি হাউজিং কোর্টে একটি জরুরি মামলা শুরু করতে পারেন যাকে একটি "অবৈধ লকআউট" বলা হয়। এটি এই জন্য করা হয় যাতে আপনার “অধিকারে পুনর্বহাল করা যায়,” যার অর্থ আপনাকে আপনার অ্যাপার্টমেন্টে ফিরে যেতে দেওয়া হয়।
    - জরুরি মামলাগুলি ইলেক্ট্রনিক পদ্ধতিতে বা ফোনে শুরু করা যেতে পারে এবং আপনি আদালত ভবনে না এসেই হাজিরা দিতে পারবেন।
    - COVID-19/করোনাভাইরাস জরুরি অবস্থা চলাকালীন নিউ ইয়র্ক সিটি হাউজিং কোর্টের ক্রিয়াকলাপ সম্পর্কিত প্রশ্ন ও উদ্বেগের জন্য অনুগ্রহপূর্বক nycourts.gov দেখুন বা সকাল 9:00 থেকে বিকাল 5:00 এর মধ্যে নিম্নলিখিত জরুরি হাউজিং কোর্ট ফোন নম্বরে কল করুন।

**Bronx** 718-618-2500
**Harlem** 646-386-5409
**Kings (Brooklyn)** 347-404-9133
**New York (Manhattan)** 646-386-5730
**Queens** 718-262-7300
**Richmond (Staten Island)** 646-386-5409

[1]এই ব্রোশিয়ারে বর্ণিত অধিকারগুলি সর্বদা সেইসকল অলাভজনক বা সরকারি প্রোগ্রামগুলিতে অংশগ্রহণকারীদের জন্য প্রযোজ্য না যেগুলো অস্থায়ী বা ক্ষণস্থায়ী আবাসন সরবরাহ করে।

## ভাড়াটিয়াদের সংস্থানসমূহ

- **আপনি যদি উচ্ছেদের মুখোমুখি হন বা আপনার আবাসন পরিস্থিতি নিয়ে উদ্বেগ থাকে** তাহলে সকল ভাড়াটিয়াদের জন্য বিনামূল্যে আইনি পরামর্শ পাওয়া যায়। অনুগ্রহপূর্বক 311 এ কল করুন এবং "ভাড়াটিয়া হেল্পলাইন" এ দিতে বলুন অথবা মেয়রের অফিসের ভাড়াটিয়াদের সুরক্ষার আমাদের সাথে যোগাযোগ করুন ফরম পূরণ করুন।
- **COVID-19/করোনাভাইরাস জরুরি অবস্থা চলাকালীন ভাড়াটেদের অধিকার সম্পর্কিত আপডেট হওয়া সংস্থান এবং তথ্যের জন্য, উচ্ছেদের স্থগিতাদেশ বা হাউজিং কোর্টের ক্রিয়াকলাপ সম্পর্কে জানতে** অনুগ্রহপূর্বক ভিজিট করুন MOPT’s COVID-19 Fact Sheet, বা 311 এ কল করুন এবং "ভাড়াটিয়া হেল্পলাইন" এ দিতে বলুন।



## আইনি সহায়তায় অ্যাক্সেস

- **নিউ ইয়র্ক সিটি ভাড়াটিয়াদের জন্য বিনামূল্যে আইনি পরামর্শ প্রদান করে।** এই পরিষেবাগুলি অ্যাক্সেস করতে অনুগ্রহপূর্বক 311 এ কল করুন এবং "ভাড়াটিয়া হেল্পলাইন" এ দিতে বলুন অথবা মেয়রের অফিসের ভাড়াটিয়াদের সুরক্ষার আমাদের সাথে যোগাযোগ করুন ফরম পূরণ করুন।
- আপনি যদি উচ্ছেদের মামলার মুখোমুখি হন তাহলে আপনি মানবসম্পদ প্রশাসনের একক সিভিল জাস্টিসের সিটি অব জাস্টিসের মাধ্যমে আপনার প্রতিনিধিত্ব করার জন্য বিনামূল্যে একজন আইনজীবী পেতে সক্ষম হতে পারেন। কীভাবে বিনামূল্যে আইনি সহায়তা পাওয়া যায় সে সম্পর্কে তথ্যের জন্য, অনুগ্রকপূর্বক 311 এ কল করুন এবং "ভাড়াটিয়া হেল্পলাইন" এ দিতে বলুন বা nyc.gov/civiljustice দেখুন।

**কীভাবে বিনামূল্যে আইনি পরামর্শ পাবেন সে সম্পর্কে তথ্যের জন্য অনুগ্রহপূর্বক 311 এ কল করুন এবং শহরের ভাড়াটিয়া হেল্পলাইন এ দিতে বলুন।**

Mayor’s Office to Protect Tenants

[Bengali]

# ভাড়া ও ইউটিলিটি সহায়তা

### যদি আপনার কাছে কোনো ভাড়া ভর্তুকি থাকে এবং আপনার ভাড়ার অনুদান পাওয়ার জন্য লড়াইরত থাকেন:

- **NYCHA Public Housing** – আপনি যদি একজন NYCHA (New York City Housing Authority, NYCHA) অধিবাসী হয়ে থাকেন, তাহলে আপনি ভাড়া পরিশোধে অক্ষমতা এর জন্য একটি ভাড়া হ্রাসের যোগ্য হতে পারেন। যদি কর্মক্ষেত্রে আপনার কর্মঘন্টা কাটা হয় বা আপনি যদি চাকরি হারিয়ে ফেলেন তাহলে আপনি একটি তাৎক্ষণিক অন্তর্বর্তীকালীন পুনঃসংশোধন সম্পন্ন করতে পারেন। পরিবারবর্গ 718-707-7771 এ কল করে অপশন 5 নির্বাচন করতে পারেন।
- **NYCHA অধ্যায় 8** – NYCHA আয়ের ক্ষতির কারণে ভাড়া পরিশোধে অক্ষমতার শিকার পরিবারগুলিকে স্ব-পরিষেবা পোর্টালটি দেখার জন্য উৎসাহিত করে। অধ্যায় 8 অংশগ্রহণকারীরা NYCHA Self-Service Portal এর মাধ্যমে একটি অন্তর্বর্তীকালীন পুনঃসংশোধন সম্পন্ন করে পরিবারের আয়ের হ্রাস রিপোর্ট করতে পারেন। ইন্টারনেট অ্যাক্সেসবিহীন পরিবারগুলি একটি অনুরোধ জমা দিতে পারেন এই ঠিকানায় P.O. Box 19196, Long Island City, NY 11101-9196 বা সহায়তার জন্য NYCHA এর গ্রাহক যোগাযোগ কেন্দ্রে 718-707-7771 নম্বরে কল করতে পারেন।
- **HPD (New York City Department of Housing Preservation and Development, HPD) অধ্যায় 8** – যেসকল ভাউচারধারী আয়ের অবনমনের কারণে ভাড়া পরিশোধে হিমশিম খাচ্ছেন তারা আয়ের অবনমনের রিপোর্টের ফরম পূরণ করতে পারেন এবং এটি DTRIncomeDecrease@hpd.nyc.gov ঠিকানায় পাঠাতে পারেন বা Document Portal এ আপলোড করতে পারেন। ফ্যাক্সের মাধ্যমে ইন্টারনেট অ্যাক্সেসবিহীন পরিবারগুলি ফরম এবং ডকুমেন্টেশন জমা দিতে পারে 212-863-5299 নম্বরে বা HPD Division of Tenant Resources, 100 Gold Street Room 1-M, New York NY 10038 ঠিকানায় মেইল করতে পারে। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে HPD এর ক্লায়েন্ট পরিষেবাদি এখন জনসাধারণের জন্য বন্ধ রয়েছে।
- **CityFHEPS** – আপনি যদি কোনো CityFHEPS প্রোগ্রামের অংশগ্রহণকারী হন যিনি আয়ের ক্ষতির শিকার হয়েছেন, তাহলে আপনি আপনার ভাড়ার অনুদান পরিবর্ধনের জন্য একটি অনুরোধ জমা দিতে পারেন এই ঠিকানায় RAPRenewals.hra.nyc.gov.



### যদি আপনি ভাড়া সহায়তার জন্য আবেদন করতে চান:

NYC সোশ্যাল সার্ভিসেস/হিউম্যান রিসোর্স অ্যাডমিনিস্ট্রেশন (DSS/HRA) বিভাগের ভাড়াটিয়াদের সহায়তার জন্য বিভিন্ন প্রোগ্রাম রয়েছে। আপনি নগদ সহায়তার জন্য আবেদন করতে পারবেন, যার মধ্যে চলতি মাসিক ভাড়া ভর্তুকি এবং/অথবা এককালীন জরুরি সহায়তা/ওয়ান-শট-ডিল (EA/OSD) ভাড়া বকেয়া বা ইউটিলিটি বকেয়াগুলি অন্তর্ভুক্ত রয়েছে। আপনি যে মাধ্যমে আবেদন করতে পারবেন:

- ACCESS NYC – আপনি ভাড়া সহায়তা বা বকেয়ার যোগ্য কিনা তা দেখতে ACCESS NYC দেখুন।
- 311 এ কল করে Homebase এর গৃহহীনতা প্রতিরোধ প্রোগ্রাম "Homebase" এ দিতে বলুন বা আপনার নিকটস্থ অফিসে কল করতে Homebase locator ব্যবহার করুন।
- ভাড়াটিয়া হেল্পলাইনে কল করতে অনুগ্রহপূর্বক 311 এ কল করুন এবং "ভাড়াটিয়া হেল্পলাইন" এ দিতে বলুন অথবা মেয়রের অফিসের ভাড়াটিয়াদের সুরক্ষার আমাদের সাথে যোগাযোগ করুন ফরম পূরণ করুন।

ACCESS NYC একটি সেলফ-স্ক্রিনিং টুল যা আপনি আপনার পরিবার সম্পর্কে যে তথ্য লিখেছেন সেই তথ্যের উপর ভিত্তি করে প্রয়োগের বিষয়ে বিবেচনা করার জন্য সর্বজনীন কর্মসূচি পরিচালনা করে। ACCESS NYC আপনাকে কীভাবে আবেদন করতে হবে তা জানাবে, তবে এটি আপনার আবেদন যোগ্য হওয়ার গ্যারান্টি দেয় না।
অনলাইনে ACCESS NYC দেখুন এই ঠিকানায় **nyc.gov/acesshra** বা Access HRA অ্যাপের মাধ্যমে (iOS এবং Android)।

অস্বীকৃতি সম্পর্কিত ঘোষণা: এই ব্রোশিওরে প্রদত্ত তথ্য আইনি পরামর্শ গঠন করে না। এই ব্রোশিওরে সমস্ত তথ্য, সামগ্রী এবং উপকরণগুলি কেবলমাত্র সাধারণ তথ্যের জন্য।

**কীভাবে বিনামূল্যে আইনি পরামর্শ পাবেন সে সম্পর্কে তথ্যের জন্য অনুগ্রহপূর্বক 311 এ কল করুন এবং শহরের ভাড়াটিয়া হেল্পলাইন এ দিতে বলুন।**